# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## হাইকোর্ট বিভাগ

## (২০২৬ ইং সনের ২২৩ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী **২৩ আগস্ট** ২০২৬ খ্রি. তারিখ রোজ **রবিবার** সকাল ১০:৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইল ঃ

১. **বিচারপতি মোহাম্মদ আলী**

**এবং**

**বিচারপতি কাজী ওয়ালিউল ইসলাম**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সকল প্রকার রীট বিষয়াদি; অগ্রাধিকার ভিত্তিতে পুরাতন রীট মোকদ্দমা শুনানী; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং তৎসংএান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

২. **বিচারপতি মোঃ আব্দুল মান্নান**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

**উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার** দেওয়ানী **মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।**

**স্বাঃ-**

বাংলাদেশের প্রধান বিচারপতি

**তারিখঃ ২০ আগস্ট ২০২৬ খ্রি.।**

<u>**প্রচারের জন্যঃ**</u>

১. **বিচারপতি মোহাম্মদ আলী**

২. **বিচারপতি কাজী ওয়ালিউল ইসলাম**

৩. **বিচারপতি মোঃ আব্দুল মান্নান**